

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও,
ঢাকা-১২১৫।

স্মারক নম্বর: ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.১২০

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮

২৯ সেপ্টেম্বর ২০২১

বিষয়: “মৎস্য প্রক্রিয়াকরণের পার্টি/প্রতিষ্ঠান (নন-প্যাকার) নিবন্ধিকরণ” সংক্রান্ত সেবা সহজীকরণ
প্রসঙ্গে।

সূত্র: পত্র নং- ৩৩.০৩.১৫৬১.০০১.০৬.০০৪.১৮.১৫৯৩; তারিখঃ ২০/০৯/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান পরিস্থিতিতে একজন নন-প্যাকারকে ফিশ প্রসেসিং কারখানায় মাছ সংরক্ষণ ও প্রক্রিয়াকরণের নিবন্ধিকরণ প্রক্রিয়া সম্পন্ন করতে একটি দীর্ঘ প্রক্রিয়া অতিক্রম করতে হয়। প্রক্রিয়াটি ম্যানুয়ালি করা হয় বিধায় অনেক সময়ক্ষেপন হয় এবং সেবা গ্রহীতারা সঠিক সময়ে ও মৌসুমে মাছ সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ করতে পারেন না।

২। এ অবস্থা থেকে উত্তরণের জন্য এবং উল্লেখিত সেবাটি সহজীকরণের নিমিত্ত চট্টগ্রাম মৎস্য বন্দর, বামউক, চট্টগ্রাম হতে একটি প্রস্তাবনা আসে। উক্ত প্রস্তাবনার বিষয়ে গত ২২/০৯/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিমের সেপ্টেম্বর, ২০২১খ্রিঃ মাসের পর্যালোচনা সভায় বিশদ আলোচনা হয়। উক্ত প্রস্তাবনায় “মৎস্য প্রক্রিয়াকরণের পার্টি/প্রতিষ্ঠান (নন-প্যাকার) নিবন্ধিকরণ” সংক্রান্ত সেবাটি অনলাইনে আবেদন প্রক্রিয়া চালুকরণের মাধ্যমে সহজীকরণের বিষয়ে আলোকপাত করা হয় এবং সভায় উপস্থিত সকল সদস্য সেবাটি অনলাইন প্রক্রিয়ার মাধ্যমে সহজীকরণের বিষয়ে একমত পোষণ করেন।

৩। এমতাবস্থায়, “মৎস্য প্রক্রিয়াকরণের পার্টি/প্রতিষ্ঠান (নন-প্যাকার) নিবন্ধিকরণ” সংক্রান্ত সেবা সহজীকরণের বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রেরণ এবং সেবাটি সহজীকরণের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩০-৯-২০২১

মোঃ শামসুজ্জামান

ব্যবস্থাপক (পরিকল্পনা)

মহাব্যবস্থাপক, চট্টগ্রাম মৎস্য বন্দর, বামউক, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.১২০/১(২)

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮

২৯ সেপ্টেম্বর ২০২১

অনুলিপিঃ

১) পরিচালক (ক্রয় ও বিপণন) ও ইনোভেশন অফিসার, বামউক, ঢাকা।

২) পিএস টু চেয়ারম্যান, বামউক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



৩০-৯-২০২১

মোঃ শামসুজ্জামান
ব্যবস্থাপক (পরিকল্পনা)